# অংশগ্রহণের দিক থেকে অনন্য এবারের ভোট: জামায়াত



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে দেশের ইতিহাসে ব্যতিক্রমধর্মী বলে উল্লেখ করেছে জামায়াতে ইসলামী। দলটির সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের বলেন, ব্যাপক অংশগ্রহণের মধ্য দিয়ে ভোট অনুষ্ঠিত হয়েছে, যদিও কিছু কেন্দ্রে অনিয়ম ও ভয়ভীতির অভিযোগ রয়েছে।

বৃহস্পতিবার ১২ ফেব্রুয়ারি সন্ধ্যায় রাজধানীতে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন।

জুবায়ের দাবি করেন, কুমিল্লা-৮, শরীয়তপুর-২ ও পটুয়াখালী-১ আসনের কয়েকটি কেন্দ্রে তাদের প্রার্থীদের পোলিং এজেন্টদের প্রবেশে বাধা দেওয়া হয়েছে। কোথাও হুমকি ও চাপ প্রয়োগের ঘটনাও ঘটেছে বলে অভিযোগ করেন তিনি। বিষয়গুলো সঙ্গে সঙ্গে প্রশাসনকে জানানো হয়েছে বলেও উল্লেখ করেন।

তিনি আরও বলেন, সাধারণ ভোটাররা স্বতঃস্ফূর্তভাবে কেন্দ্রে গিয়ে ভোট দিয়েছেন। জনগণের এই অংশগ্রহণ গণতান্ত্রিক প্রক্রিয়ার জন্য গুরুত্বপূর্ণ বলেও মন্তব্য করেন তিনি।

নির্ধারিত সময় বিকেল সাড়ে চারটায় ভোটগ্রহণ শেষ হয়। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, দুপুর ২টা পর্যন্ত দেশের ৩৬ হাজার ৩১টি কেন্দ্রে গড়ে ৪৭ দশমিক ৯১ শতাংশ ভোট পড়েছে। বিকেল সোয়া ৪টার দিকে ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ এ তথ্য জানান।